# ২০২২

## ষষ্ঠ সেমেস্টার

## বাংলা - সাধারণ

## পত্র : SEC-B-2

## (ব্যবহারিক বাংলা - ২)

## পূর্ণমান - ৮০

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) নিচের অসমাপ্ত গল্পসূত্রটিকে অবলম্বন করে অনধিক ৩০০ শব্দের মধ্যে একটি কাহিনি নির্মাণ করো। ১০

খুব মোটা একটি মেয়ে। বন্ধুবান্ধব, প্রতিবেশি সকলের উপহাসের পাত্রী, ব্যঙ্গের লক্ষ্য। মানসিক বেদনা ও নিজেকে পরিবর্তন করার অদম্য জেদ নিয়ে অ্যাথলেটিক্সে যাত্রা শুরু। শেষ পর্যন্ত নানা বাধা পেরিয়ে বিশ্বের ক্রীড়ামঞ্চে দেশের মুখ উজ্জ্বল করে তোলা।

*অথবা,*

(খ) প্রবন্ধ লেখো (৩০০ শব্দের মধ্যে)। ১০

২৫০ বছরের আলোকে রামমোহন রায়।

২। (ক) বাংলা বানানের বিবর্তনের ইতিহাসে রবীন্দ্রনাথ ঠাকুরের ভূমিকা সম্পর্কে লেখো। ১০

*অথবা,*

(খ) পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি গৃহীত বাংলা বানানবিধি অনুসরণে তৎসম শব্দের বানান বিষয়ে আলোচনা করো। ১০

৩। (ক) নিচের গদ্যাংশটি আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় (IPA) লিপ্যন্তর করো। ১০

"সাদা শার্ট আর খাকি প্যান্ট পরা ড্রাইভার নেমে এসে দরজা খুলে দিতে লালমোহনবাবু একটা ছোট্ট লাফ দিয়ে রাস্তায় নামতে গিয়ে ধুতির কোঁচায় পা আটকে খানিকটা বেসামাল হলেও তাঁর মুখ থেকে হাসিটা গেল না। ফেলুদা কিন্তু গম্ভীর।"

*অথবা,*

(খ) নীচের কবিতাংশটি রোমীয় লিপিতে লেখো। ১০

"সবে আমার একটি মেয়ে, শ্মশানে তার ঘর;
ছেলেও আমার একটি সবে, তাও সে দেশান্তর,
লুকিয়ে বেড়ায় চোরের মতন বড়ো চোরের ভয়ে।
কেমন আছে? কে দেবে তার খবর আমায় ক'য়ে?"

*অথবা,*

**(কেবলমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)**

আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার (IPA) সুবিধা-অসুবিধা বিষয়ে একটি সংক্ষিপ্ত আলোচনা করো। ১০

৪। ***যে-কোনো ছয়টি*** প্রশ্নের উত্তর দাও। ৫×৬

(ক) উদাহরণসহ ছোটগল্পের সংজ্ঞা লেখো।

(খ) প্রবন্ধ কয়প্রকার ও কী কী তা উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

(গ) বাংলা বানানে অ-তৎসম শব্দের ক্ষেত্রে ণত্ববিধান প্রযোজ্য কি না, তা উদাহরণসহ লেখো।

(ঘ) বিদেশি শব্দের ক্ষেত্রে **'শ'** এবং **'স'**-এর ব্যবহার কীভাবে হবে, তা প্রতিক্ষেত্রে তিনটি উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

(ঙ) তদ্ভব শব্দে 'ই'-কার এবং 'ঈ'-কার ব্যবহারের ক্ষেত্রে প.ব. বাংলা আকাদেমির নির্দেশগুলি লেখো।

(চ) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালা (IPA)-এর মূল নীতিগুলি উদাহরণসহ লেখো।

(ছ) **'এখনো'** না **'এখনও'**— কোনটি সঠিক, তা যুক্তি দিয়ে বুঝিয়ে দাও।

(জ) সানুনাসিক ধ্বনি, অবরুদ্ধ ধ্বনি আর ঘৃষ্টধ্বনি বোঝাতে আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় কী ধরনের চিহ্ন ব্যবহার করা হয় তা উদাহরণসহ লেখো।

৫। সংক্ষেপে পূর্ণ বাক্যে উত্তর দাও। ১×২০

(ক) **'হারানের নাতজামাই'** গল্পটি কার লেখা?

(খ) বিশ শতকের যে-কোনো একজন বাঙালি প্রাবন্ধিকের একটি প্রবন্ধের বইয়ের নাম লেখো।

(গ) **'অক্ষর'** কাকে বলে?

(ঘ) **'গৌড়ীয় ব্যাকরণ'** কার রচনা?

(ঙ) **'ছ'**-কে আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপ্যন্তর করো।

(চ) **'বিদ্যাসাগর'**— এই শব্দটিকে IPA-তে লেখো।

(ছ) প্রবন্ধের শিরোনাম কেমন হওয়া উচিত?

(জ) নিঃস্তব্ধ/নিস্তব্ধ — কোন বানানটি ব্যবহার করা উচিত?

(ঝ) **'সহযোগিতা'** না **'সহযোগীতা'** —কোনটি ঠিক বানান?

(ঞ) ঠান্ডা/ঠাণ্ডা— কোনটি সঠিক লেখো।

(ট) পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি কবে প্রতিষ্ঠিত হয়েছিল?

(ঠ) **'রবীন্দ্রনাথ ঠাকুর'**— IPA-তে লিপ্যন্তর করো।

(ড) **'দেবনাগরী'** লিপিতে লেখা যায়, এমন দুটি ভাষার নাম লেখো।

(ঢ) কুমির/কুমীর— কোন বানানটি ঠিক?

(ণ) রাজশেখর বসুর লেখা যে-কোনো একটি বানান সংক্রান্ত প্রবন্ধের নাম লেখো।

(ত) **'বিদ্যাসাগর'**— রোমীয় লিপিতে লিপ্যন্তর করো।

(থ) কোন বানানটি সঠিক — কাহিনি/কাহিনী

(দ) **'ঢ়'** ব্যবহৃত হয়েছে, এমন দুটি বাংলা শব্দ লেখো।

(ধ) মনীন্দ্রকুমার ঘোষের বানান সংক্রান্ত বিখ্যাত বইটির নাম কী?

(ন) সঠিক বানান কোনটি— দুর্গা না দূর্গা?